

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স - ১২৯৯ (আগরতলা, ১৮।৭)  
বিলোনীয়া, ১৮ জুলাই ২০১৭

বিলোনীয়া পুর পরিষদ ভিত্তিক  
লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

বিলোনীয়া পুর পরিষদ ভিত্তিক তিন দিন ব্যাপী লোক সংস্কৃতি উৎসব আজ বিলোনীয়া টাউনহলে সম্পন্ন হয়েছে। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং বিলোনীয়া পুর পরিষদের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশিষ্ট লোক শিল্পী বিমল দাস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পুর পরিষদের চেয়ারপার্সন শুভা মিত্র। পুর পরিষদ এলাকার ২৪০ জন শিল্পী মনসা মঙ্গল, পাঁচালী পাঠ, বিয়ের গান, নৌকা বিলাশ, ঢপ যাত্রা, ঢাক বাদন, একক ও সমবেতে লোক সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন।

\*\*\*\*\*